মেহেরপুর প্রেস ক্লাবের নির্বাচন স্থগিত

তফসিলে নির্ধারিত দিনে কোন প্রার্থী মনোনয়ন পত্র সংগ্রহ না করায় মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন স্থগিত করা হয়েছে।গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন কমিশন এ নির্বাচন স্থগিত করে।

স্থগিতাদেশে বলা হয়েছে, মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল অনুযায়ী নির্ধারিত দিন মনোনয়ন পত্র বিক্রয় না হওয়ায় তফসিলের অন্যান্য কার্যক্রম স্থগিত করা হয়েছে।

উল্লেখ্য, আগামী ১০ মে মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনে ভোট গ্রহণের দিন ধার্য ছিলো। তফসিল অনুযায়ি ২৫ এপ্রিল খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়। চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয় ২৭ এপ্রিল। গতকাল ২৮ এপ্রিল ছিলো মনোনয়নপত্র বিক্রয়।

আজ ২৯ এপ্রিল ছিলো মনোনয়ন পত্র দাখিলের দিন। ২ মে ছিলো খসড়া প্রার্থী তালিকা ও ৫ মে ছিলো চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ।

এদিকে, এনপিবি নিউজ ও বাংলা ট্রিবিউনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করণের সদস্য পদ ফিরিয়ে না দেওয়ায় প্রধান নির্বাচন কমিশনারকে আইনগত নোটিশ পাঠিয়েছেন তিনি।
আবু আক্তার করণের আইনজীবী সেলিম রেজা কল্লোল প্রধান নির্বাচন কমিশনারকে ৩দিনের মধ্যে সদস্যপদ পুন:বহাল করার জন্য বলা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আইনগত নোটিশে জানানো হয়েছে।

মেহেরপুরে ঘুমন্ত মানুষের ঘরে ঢুকে পড়লো মাদকবাহী মাইক্রোবাস

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী তেরঘরিয়া গ্রামে নিয়ন্ত্রণ হারিয়ে একটি দ্রুতগতির মাইক্রোবাস ঘুমন্ত মানুষের ঘরের দেওয়াল ভেঙে ভেতরে ঢুকে পড়েছে।

এ ঘটনায় ঘরের দেওয়াল চাপা পড়ে আরশাদ আলী নামের এক ব্যক্তি আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে দেড় কেজি গাঁজাসহ অনিক হোসেন বিপ্লব নামের এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

বুধবার (২৯ এপ্রিল) ভোর পাঁচটার দিকে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, তেরঘরিয়া গ্রামের সড়কের পাশেই আরশাদ আলীর বাড়ি। ভোরে যখন বাড়ির সবাই ঘুমিয়ে ছিলেন, তখন দ্রুতগতির একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে তার ঘরে আঘাত করে।

এতে ইটের দেওয়াল ভেঙে পড়ে ঘরের মালিক আরশাদ আলী আহত হন। ধাক্কা দেওয়ার পর মাইক্রোবাসটি রাস্তার ওপর উল্টে যায়।

বিকট শব্দ শুনে আশপাশের লোকজন দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন। তারা দেখতে পান মাইক্রোবাসটির ভেতরে গাঁজা রয়েছে। এ সময় স্থানীয় জনতা মাইক্রোবাসের চালক অনিক হোসেন বিপ্লবকে আটকে রাখেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে স্থানীয়রা তাকে পুলিশের হাতে সোপর্দ করেন। আহত আরশাদ আলীকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার রামদাসপুর পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক (এসআই) অনুপ কুমার দাস জানান, সীমান্ত এলাকা থেকে গাঁজা সংগ্রহ করে মাইক্রোবাসটি অত্যন্ত দ্রুতগতিতে গন্তব্যে যাচ্ছিলো। পথে নিয়ন্ত্রণ হারিয়ে সেটি ওই বাড়িতে ঢুকে পড়ে।

তিনি আরও জানান, ঘটনাস্থল থেকে দেড় কেজি গাঁজা ও দুর্ঘটনাকবলিত মাইক্রোবাসটি জব্দ করা হয়েছে। আটক বিপ্লবের বিরুদ্ধে মাদক পাচারের অভিযোগে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। এই ঘটনার সঙ্গে আর কারা জড়িত, তা খুঁজে বের করতে পুলিশ তদন্ত শুরু করেছে।

গাংনীতে মবেল কিনলেই ট্যাংকভর্তি তেলের অফার, পাম্প মালিকে জরিমানা

মবেল (ইঞ্জিন অয়েল) কিনলেই ট্যাংকভর্তি পেট্রোল বা অকটেন দেওয়ার প্রলোভন দেখিয়ে তেল বিক্রির অভিযোগে মেহেরপুরের গাংনী উপজেলার একটি ফিলিং স্টেশন মালিককে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৫ হাজার টাকা জরিমানা করা হয় পাম্প মালিক গোলাম কিবরিয়ার।

স্থানীয় সূত্রে জানা যায়, এক লিটার মবেল কিনলে ট্যাংকি ফুল তেল এমন আকর্ষণীয় অফার দিয়ে পেট্রোল ও অকটেন বিক্রি করা হচ্ছিল। বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে উপজেলা প্রশাসনের নজরে আসে।

পরে গাংনী উপজেলা প্রশাসনের নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আনোয়ার হোসেন ঘটনাস্থলে গিয়ে অভিযোগের সত্যতা নিশ্চিত করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, এ ধরনের অফার মূলত ভোক্তাদের বিভ্রান্ত করা এবং প্রচলিত আইন লঙ্ঘনের শামিল। তাই এ অপরাধে পাম্প মালিকের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে।

উপজেলা প্রশাসন জানায়, জনস্বার্থে এ ধরনের অবৈধ কার্যক্রমের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে মাদক মামলায় রানা আহমেদ (২৬) নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ মো. গোলাম কবির এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে তাকে ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলার অপর দুই আসামি সাইফুল ইসলাম ও রুহুল আমিনকে খালাস প্রদান করা হয়েছে।

দণ্ডিত রানা আহমেদ মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান হাওড়াপাড়া গ্রামের হামিদুল হকের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০২০ সালের ২৯ এপ্রিল রাত দেড়টার দিকে গাংনী উপজেলার হাড়াভাঙ্গা সেন্টারবাজার এলাকায় একটি ড্রাম ট্রাকে তল্লাশি চালিয়ে ৬৩৯ বোতল ফেন্সিডিলসহ রানা আহমেদকে আটক করে পুলিশ। এ সময় ট্রাক থেকে অপর দুই আসামি সাইফুল ইসলাম ও রুহুল আমিন পালিয়ে যায়।

পরদিন তিনজনকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলার প্রাথমিক তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই আব্দুল হক আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

মামলার নথিপত্র পর্যবেক্ষণ, শুনানি ও সাক্ষ্যপ্রমাণ পর্যালোচনা শেষে আদালত রানা আহমেদকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন। একইসঙ্গে অপর দুই আসামিকে খালাস প্রদান করা হয়।মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর নজরুল ইসলাম এবং আসামিপক্ষে রানা আহমেদের পক্ষে অ্যাডভোকেট কে এম নুরুল হাসান রঞ্জু, সাইফুল ইসলামের পক্ষে অ্যাডভোকেট এস এম আমানুল্লাহ আল আমান ও রুহুল আমিনের পক্ষে অ্যাডভোকেট আতাউল হক আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মেহেরপুরে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করা হয়।

জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান ও জেলা ও দায়রা জজ মো. গোলাম কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক আলী মাসুদ শেখ, পারিবারিক আপিল আদালতের বিচারক মো. কেরামত আলী, শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. তাজুল ইসলাম, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ইমদাদুল হক, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, জেলা লিগ্যাল এইড অফিসার লাবনী সুলতানা, জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সুবিধাভোগী বেগম আলিয়া খাতুন ও শাকিল আহমেদ প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সহকারী জজ (সদর) মো. মাসুদ রানা।

এর আগে দিবসটি উপলক্ষে সকালে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা ও দায়রা জজ মো. গোলাম কবিরের নেতৃত্বে র্যালিটি আদালত প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

পরে শান্তির প্রতীক হিসেবে পায়রা ও বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে আইনজীবী প্যানেলের সদস্য এ কে এম জিল্লুর রহমান ও রুত সোভা মণ্ডলকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

গাংনীতে পরীক্ষা কেন্দ্রে স্মার্টফোন রাখায় পরিদর্শক শিক্ষক বহিষ্কার

মেহেরপুরের গাংনী উপজেলায় এসএসসি পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকালে পকেটে স্মার্টফোন রাখার দায়ে এক পরিদর্শক শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) গাংনী উপজেলার বামন্দী নিশিপুর স্কুল ও কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে।

কেন্দ্রের সচিব সাজ্জাদুল আনাম স্বপন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, পরীক্ষা চলাকালে কেন্দ্রের ১০২ নম্বর কক্ষে দায়িত্ব পালন করছিলেন গাংনী উপজেলার ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আরিফ হোসেন (ইসলাম ধর্ম)।

পরিদর্শনের সময় তার পকেটে স্মার্টফোন থাকার বিষয়টি নজরে আসে। এ বিষয়ে তাকে অবহিত করা হলে তিনি মোবাইল ফোন সঙ্গে থাকার কথা স্বীকার করেন।

পরবর্তীতে তার কাছ থেকে একটি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন জব্দ করা হয় এবং তাকে তাৎক্ষণিকভাবে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে সাময়িক অব্যাহতি দেওয়া হয়। পরে তাকে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে নেওয়া হয়।

কেন্দ্র সচিব আরও জানান, বিষয়টি লিখিতভাবে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডকে অবহিত করা হয়েছে। বোর্ড কর্তৃপক্ষের পরবর্তী সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ্লোবাল অ্যাকশন সপ্তাহ

উপলক্ষে আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুরের আমঝুপিতে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্রের (মউক) হলরুমে এ আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জমান সেলিম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) আবদুর রাহীম, আমঝুপি কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, আমদহ কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি রুহুল আমীন এবং সাবেক কাউন্সিলর আব্দুর রহিম।

অনুষ্ঠানে গ্লোবাল অ্যাকশন সপ্তাহের বিভিন্ন বাস্তবায়িত কার্যক্রম তুলে ধরে প্রবন্ধ উপস্থাপন করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। বক্তারা মেহেরপুর জেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন। বিশেষ করে বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনুপস্থিতি, বাল্যবিয়ে এবং ঝুঁকিপূর্ণ কাজে শিশুদের সম্পৃক্ততা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এছাড়া শিক্ষার্থীদের পাঠদানের মানোন্নয়নে বিশেষ করে রিডিং দক্ষতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন বক্তারা।

আলোচনা সভা শেষে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আওতাধীন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত গণিত উৎসবের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

মুজিবনগরে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন ও সমাপনী

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় উপজেলা পর্যায়ের প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

প্রথম পর্যায়ে উপজেলার চারটি ইউনিয়নের ইউনিয়নভিত্তিক ৩৮টি প্রাথমিক বিদ্যালয়ের দলের খেলা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পর্যায়ের খেলায় চারটি ইউনিয়নের চ্যাম্পিয়ন ও রানারআপসহ মোট ৮টি দল উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টে অংশগ্রহণ করে।

সোমবার সকাল ১০টায় উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টের খেলা শুরু হয়। দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিকাল ৫টায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপজেলা প্রাথমিক সহকারী শিক্ষা অফিসার শফিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সাইফুল হুদা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক ও জেলা বিএনপির সদস্য আব্দুর রশিদ, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির মাওলানা খানজাহান আলীসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

উপজেলা পর্যায়ের গোল্ডকাপ টুর্নামেন্টে বালক বিভাগে রশিকপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং নাজিরাকোন সরকারি প্রাথমিক বিদ্যালয় রানারআপ হয়।

বালিকা বিভাগে যতারাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন এবং বল্লভপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় রানারআপ হওয়ার কৃতিত্ব অর্জন করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জোনে জায়গা পেল মেহেরপুরের শয়ন

মেহেরপুর ক্রিকেট শিক্ষা প্রতিষ্ঠানের (এমকেএসপি) ছাত্র শয়ন বিশ্বাস যুব ক্রিকেট লিগ ২০২৫-২৬ (একদিনের) আসরে সেন্ট্রাল জোন দলে সুযোগ পেয়েছেন।

মেহেরপুর প্রতিদিন পরিবার, ক্রীড়াবিদ ও সংশ্লিষ্টরা তাকে অভিনন্দন জানিয়েছেন এবং ভবিষ্যতে আরও ভালো করার প্রত্যাশা ব্যক্ত করেছেন।